

## হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ পবিত্রতা ও সালাত [নামাজ]

রচয়িতা/সম্প্রকাশকঃ ড. সাঈদ ইবন আলী ইবন ওয়াহফ আল-কাহতানী

### ১৩. মসজিদে প্রবেশের দো'আ

২০- ডান পা দিয়ে চুকবে[1] এবং বলবে,

«أَعُوذُ بِاللَّهِ الْعَظِيمِ، وَبِوَجْهِهِ الْكَرِيمِ، وَسُلْطَانِهِ الْقَدِيمِ، مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ» [بِسْمِ اللَّهِ، وَالصَّلَاةُ] [وَالسَّلَامُ عَلَى رَسُولِ اللَّهِ] «اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ».

(আ'উয়ু বিল্লাহিল 'আযীম, ওয়া বিওয়াজহিল কারীম, ওয়াসুলতা-নিহিল কদীম, মিনাশ শাইত্তা-নির রাজীম।

[বিসমিল্লাহি ওয়াসসালাতু] [ওয়াসসালা-মু 'আলা রাসুলিল্লাহি], আল্লাহ-হৃস্মাফ্তাহ লী আবওয়া-বা রাহ্মাতিক)।

“আমি মহান আল্লাহর কাছে তাঁর সম্মানিত চেহারা ও প্রাচীন ক্ষমতার ওসীলায় বিতাড়িত শয়তান থেকে আশ্রয় প্রার্থনা করছি।”[2] [আল্লাহর নামে (প্রবেশ করছি), সালাত][3] [ও সালাম আল্লাহর রাসূলের উপর।][4] “হে আল্লাহ! আপনি আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ খুলে দিন।”[5]

### ফুটনোট

[1] কারণ, আনাস ইবন মালিক রাদিয়াল্লাহু আনহু বলেন, “সুন্নাত হচ্ছে, যখন তুমি মসজিদে প্রবেশ করবে, তখন তোমার ডান পা দিয়ে চুকবে, আর যখন বের হবে, তখন বাম পা দিয়ে বের হবে”। হাদীসটি উদ্ধৃত করেছেন, হাকিম ১/২১৮; এবং একে মুসলিমের শর্ত অনুযায়ী সহীহ বলেছেন, আর ইমাম যাহাবী সেটার সমর্থন করেছেন। আরও উদ্ধৃত করেছেন বাইহাকী, ২/৪৪২; আর শাইখ আলবানী তার সিলসিলাতুল আহাদীসিস সহীহা গ্রন্থে এটাকে হাসান বলেছেন, ৫/৬২৪; নং ২৪৭৮।

[2] আবু দাউদ, নং ৪৬৬; আরও দেখুন, সহীভুল জামে' ৪৫৯১।

[3] ইবনুসসুনি কর্তৃক উদ্ধৃত, নং ৮। আর শাইখ আলবানী তার আস-সামারুল মুস্তাবাব গ্রন্থে একে হাসান বলেছেন, পৃ. ৬০৭।

[4] আবু দাউদ ১/১২৬; নং ৪৬৫; আরও দেখুন, সহীভুল জামে' ১/৫২৮।

[5] মুসলিম ১/৪৯৪, নং ৭১৩; আর সুনান ইবন মাজায় ফাতিমা রাদিয়াল্লাহু আনহার হাদীসে এসেছে,

«اللَّهُمَّ اغْفِرْ لِي ذُنُوبِي وَافْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ»

“হে আল্লাহ, আমার গুনাহ ক্ষমা করে দিন এবং আমার জন্য আপনার রহমতের দ্বারসমূহ অবারিত করে দিন”।  
আর শাইখ আলবানী অন্যান্য শাহেদ বা সম অর্থের বর্ণনার কারণে একে সহীহ বলেছেন। দেখুন, সহীহ ইবন  
মাজাহ ১/১২৮-১২৯।

❖ Source — <https://www.hadithbd.com/books/link/?id=928>

৬ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন